

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪২০

১৬/ রক্তপণ (ﷺ আ سول الله স্থান্ত) পরিচ্ছেদঃ কিসাস প্রসঙ্গে।

باب ما جاء في الْقِصاص

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ، أَنْبَأَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ شُعْبَة، عَنْ قَتَادَة، قَالَ سَمِعْتُ زُرَارَةَ بَنَ أَوْفَى، يُحَدِّثُ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، أَنَّ رَجُلاً، عَضَّ يَدَ رَجُلٍ فَنَزَعَ يَدَهُ فَوَقَعَتْ بْنَ أَوْفَى، يُحَدِّثُ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، أَنَّ رَجُلاً، عَضَّ يَدَ رَجُلٍ فَنَزَعَ يَدَهُ فَوَقَعَتْ تَنِيَّتَاهُ فَاخْتَصَمُوا إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ " يَعَضُّ أَحَدُكُمْ أَخَاهُ كَمَا يَعَضُّ أَذَيَة لَكُ " . فَأَنْزَلَ اللَّهُ (وَالْجُرُوحَ قِصَاصٌ) . قَالَ وَفِي الْبَابِ عَنْ يَعْلَى بْنِ أُمَيَّة وَسَلَمَة بْنِ أُمَيَّة وَهُمَا أَخُوانِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ حَدِيثُ حَسَنُ صَحَيِحٌ .

বাংলা

১৪২০. আলী ইবনু খাশরাম (রহঃ) ইমরান ইবনু হুসায়ন রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, একবার এক ব্যক্তি অপর এক ব্যক্তির হাত কামড়ে ধরে। তখন সে তার হাত টেনে ছাড়িয়ে নেয়। ফলে ঐ ব্যক্তির সামনের দুটো দাত পড়ে যায়। অনন্তর তারা উভয়েই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে অভিযোগ নিয়ে হাযির হয়। তিনি বললেন, তোমাদের কেউ তার ভাইকে উটের মত কামড়ে ধরে! তোমার (দাঁতের) কোন দিয়াত নেই। অনন্তর আল্লাহ তা'আলা নাযিল করেনঃ "আঘাতের জন্যও রয়েছে কিসাস.....।" - নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪১৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইয়া'লা ইবনু উমায়্যা, সালামা ইবনু উমায়্যা রাদিয়াল্লাহু আনহা -তারা দুই ভাই, থেকেও হাদীস বর্ণিত আছে। ইমরান ইবনু হুসায়ন রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ।

English

Narrated 'Imran bin Husain:

"A man bit the hand of another man. The man who was bitten pulled his hand out, causing two of his incisors (teeth) to fall out. They brought their



case of the Prophet (ﷺ). So he said: "One of you bites his brother like the stallion bites? There is no blood-money for you.' So Allah Most High revealed: Wounds, equal for equal."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন